দর্শনায় ফেনসিডিল ও ভুয়া সাংবাদিকসহ গ্রেফতার ৩

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা থানা পুলিশ ও ভ্রাম্যমান আদালতের বিশেষ অভিযান চালিয়ে মাদকসহ আটক ভুয়া সাংবাদিক চিহ্নিত মাদক ব্যবসায়ী মঈন উদ্দিন চঞ্চল (৪২) কে ৫ দিনের কারাদন্ড দিয়েছে।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) কে এইচ তাসফিকুর রহমান রায় প্রদান করেন।

৫ দিনের সাজা পাওয়া চিহ্নিত মাদক ব্যবসায়ী মঈন উদ্দিন চঞ্চল চুয়াডাঙ্গা ভীমরুল্লার মৃত্য. বিশারত মন্ডলের ছেলে।

গতকাল শুক্রবার ভোরে দর্শন আকন্দবাড়িয়া গাংপাড়ায় ফেনসিডিল আনতে গিয়ে চঞ্চল পুলিশের হাতে আটক হয়।
থানা সূত্রে জানা গেছে, দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) শহীদ তিতুমীরের নেতৃত্বে দর্শনা থানা পুলিশ সকাল সাড়ে ৮ টার দিকে মাদক বিরোধী অভিযান চালায়। এ সময় আকন্দবাড়িয়া গাংপাড়ায় ফেনসিডিল সেবন করার সময় চিহ্নিত মাদক ব্যবসায়ী চঞ্চলকে এক বোতল ফেনসিডিল সহ পুলিশ চুয়াডাঙ্গা ভীমরুল্লার মঈন উদ্দিন চঞ্চলকে আটক করে। এ সময় নিজের অপরাধ আড়াল করতে চঞ্চল নিজেকে সাংবাদিক পরিচয় দেন ও তার মেয়ে কলেজে পড়েন বলে গ্রেফতার এড়ানোর চেষ্টা করেন।

পরে ঘটনাস্থলে ভ্রাম্যমান আদালত বসানো হয়। আদালতে চঞ্চল তার অপরাধ স্বীকার করে ক্ষমাপ্রাপ্ত করেন। এ সময় ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) কে এইচ তাসফিকুর রহমান তাকে ৫ দিনের কারাদন্ডের আদেশ দেয়।

অপরদিকে দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে মাদক ও সাজাপ্রাপ্ত আসামীসহ ২ জনকে গ্রেফতার করেছে। গ্রেফতার কৃত আসামী কুড়ালাগাছি ইউনিয়নের কুড়ালগাছি পশ্চিম পাড়ার রহিমের ছেলে সাজাপ্রাপ্ত আসামী জমশেদ (২৮)ও পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের আনোয়ার হোসেনের ছেলে মাদক মামলার পলাতক আসামী রাশেদ (১৮)কে গ্রেফতার করে।

আজ শনিবার ৩ জনকে দর্শনা থানা পুলিশ চুয়াডাঙ্গা জেলা কারাগারে সোপর্দ করেন।

মুজিবনগরে দৈনিক ভোরের কাগজের ভুয়া সাংবাদিক শনাক্ত

মেহেরপুরের মুজিবনগরে বাংলাদেশের প্রথম সারির বহুল প্রচলিত পত্রিকা দৈনিক ভোরের কাগজের নামে ভুয়া পরিচয় দিয়ে সাংবাদিকতা করছেন উপজেলার বল্লভপুর গ্রামের মৃত আবেদ আলি মোল্লার ছেলে আব্দুস সালাম মোল্লা নামের এক কথিত সাংবাদিক।

গত ১৫ জুলাই দৈনিক ভোরের কাগজের পরিচয় দিয়ে বাংলাদেশ সাংবাদিক সমিতি নামের এক কথিত সংগঠনের সহ সভাপতি হয়েছেন তিনি। এ বিষয়ে কথিত ঐ সাংবাদিকের কাছে পরিচয় পত্র দেখতে চাইলে সে কোন পরিচয় পত্র দেখাতে পারিনি এবং ভোরের কাগজের অফিসে যোগাযোগ করা হলে আব্দুস সালাম নামে মুজিবনগরে কোন প্রতিনিধি নেই বলেও জানায় পত্রিকা অফিস।

এ ঘটনায় মুজিবনগর থানায় মৌখিক ভাবে অভিযোগ জানিয়েছে ভোরের কাগজের জেলা প্রতিনিধি মুর্তজা ফারুক রুপক ।এ সময় মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) মেহেদি রাসেল তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার আশ্বাস দেন।